গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো**
৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০
প্রশাসন ( অর্থ ও আইটি ) শাখা।
www.bmet.gov.bd

স্মারক নম্বর : ৪৯.০১.০০০০.০০২.১৪.০০২.১৯.৪৪৬০ তারিখ : ১৪ /১০/২০১৯ খ্রিঃ।

বিষয় : মাঠপর্যায় হতে প্রস্তাবিত ও নির্ধারিত উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : ১। স্মারক নম্বর : ৪৯.০১.০০০০.০০২.১৪.০০২.১৯.৩০৩৪(১০০) তারিখ : ২৮/০৮/২০১৯ খ্রিঃ।
২। স্মারক নম্বর : ৪৯.০১.০০০০.০০২.১৪.০০২.১৯.৪২০২ তারিখ : ২৪/০৯/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নাগরিক সেবা সহজীকরণে মাঠ পর্যায় থেকে চাহিত উদ্ভাবনীমূলক আইডিয়াসমূহ হতে ডিইএমও, বগুড়া কর্তৃক প্রস্তাবিত "মাই বিএমইটি" নামক প্রস্তাবিত "মোবাইল অ্যাপ" এর আইডিয়াটি গত ১৮/০৯/২০১৯খ্রিঃ তারিখে ইনোভেশন কমিটির সভায় আলোচনান্তে নির্বাচিত ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এ অবস্থায়, ডিইএমও, বগুড়া কর্তৃক প্রস্তাবিত আইডিয়া "মাই বিএমইটি" নামক "মোবাইল অ্যাপ" তৈরীর বিষয়ে সংযুক্ত প্রসেস ম্যাপ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৪/১০/১৯

( মোহাম্মদ আতাউর রহমান )
যুগ্মসচিব
পরিচালক ( প্রশাসন ও অর্থ )
ফোন : ৮৩০০২৬৪ (অফিস)
Email-directoradmin@bmet.org.bd

প্রাপক
সহকারী পরিচালক
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস
বগুড়া।

স্মারক নম্বর : ৪৯.০১.০০০০.০০২.১৪.০০২.১৯. তারিখ : /১০/২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠতার ক্রমানুসারে নয় )অনুলিপি :

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ ) ও চীফ ইনোভেশন অফিসার, প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ : জনাব মোহাম্মদ শাহীন, সদস্য সচিব, ইনোভেশন টিম ও উপসচিব (কর্মসংস্থান-২) ।
২। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ / কর্মসংস্থান ), বিএমইটি,ঢাকা।
৩। পরিচালক ,প্রশাসন ও অর্থ /কর্মসংস্থান/ প্রশিক্ষণ পরিচালনা/ বহির্গমন/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা,বিএমইটি,ঢাকা।
৪। জনাব শিরিন সবনম, উপসচিব, ই-গর্ভনেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা।
৬। মাষ্টার নথি/২০১৯ ।


(মোঃ রেজওয়ানুল হক চৌধুরী)
সদস্য সচিব, ইনোভেশন টিম
ও
উপপরিচালক (অর্থ ও আইটি)
Email: bmetit2018@gmai.com

LetterAdmin.2019.doc


## উদ্ভাবনী আইডিয়ার শিরোনামঃ মাই বিএমইটি

'মাই বিএমইটি' নামে প্রস্তাবিত মোবাইল এ্যাপ তৈরী করা যেতে পারে। যেখানে গুগল ম্যাপসে বিএমইটির অধীনস্থ ডেমো, টিটিসি, আইএমটি প্রভৃতি প্রতিষ্ঠানগুলোর লোকেশন, দিক নির্দেশনা, দূরত্ব, প্রতিষ্ঠান প্রধানদের ফোন নম্বর, ইমেইল প্রভৃতি যোগ করা থাকবে। নামের উপর ক্লিক করলে ঐ প্রতিষ্ঠানের ছবি, দিক নির্দেশনা, ফোন নম্বর, ইমেইল এ্যাড্রেস, ওয়েবসাইট এ্যাড্রেস, ঠিকানা পাওয়া যাবে। ব্যবহারকারী যে কোনো স্থান থেকে প্রতিষ্ঠানগুলো কতো দূরে তা জানতে পারবে। শুধু তাই নয় কোন পথে গিয়ে কোথায় সেগুলো পাওয়া যাবে তাও জানতে পারবে। যে কোনো স্থান থেকে প্রতিষ্ঠানের নাম লিখে সার্চ করলে স্ক্রিনে সেটি পাওয়া যাবে। বিএমইটি বা মন্ত্রণালয়ের যে কোনো কর্মকর্তা-কর্মচারী বা সাধারণ মানুষ যে কোনো ডেমো, টিটিসি, আইএমটির লোকেশন, দিক নির্দেশনা, দূরত্ব সহজেই পেয়ে যাবেন। মাঠ পর্যায়ের অফিসগুলো খুঁজে পেতে অনেক সুবিধা হবে।

**বর্তমান প্রসেস ম্যাপ**




**প্রস্তাবিত প্রসেস ম্যাপ**




**পূর্বের ও পরের তুলনামূলক চিত্র**

| | সময় | খরচ | যাতায়াত |
|---|---|---|---|
| পূর্বের | ১-৪৮ ঘন্টা | ৫০-৫০০ টাকা | ১-২ বার |
| পরের | ১০ মিনিট | ৫০ টাকা | ১ বার |

উদ্ভাবক ঃ মোঃ আতিকুর রহমান, সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, বগুড়া।